COAST Coastal Association for Social Transformation Trust
participates in survival strategies of coastal poor
COAST has Special Consultative Status with the UN ECOSOC

জেলে বার্তা

www.coastbd.net

ইউএসএআইডি এর অর্থায়নে ,ইকোফিস,ওয়ার্ল্ডফিস বাংলাদেশ ও দক্ষিণ এশিয়া এবং বাংলাদেশ মৎস্য অধিদপ্তরের সহায়তায়, কোস্ট ইকোফিশ প্রকল্প ভোলা থেকে পরিচালিত ইকোফিশ কর্মসূচির মাসিক বুলেটিন

৩য় বর্ষ, ২২ তম সংখ্যা | মে- ২০১৭ খ্রিস্টাব্দ | জৈষ্ঠ্য-১৪২৩ বঙ্গাব্দ

ইলিশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে

সহ- ব্যবস্থাপনা কাঠামো নির্ধারন বিষয়ক আলোচনা সভা

জেলা মৎস্য বিভাগের সহযোগিতায় ইউএসএআইডি'র অর্থায়নে ওয়ার্ল্ডফিশ বাংলাদেশ এবং কোস্ট ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন ইকোফিশ প্রকল্পের সোমবার ভোলা কাচিয়া ইউনিয়ন পরিষদ সম্মেলন কক্ষে ইলিশ সংরক্ষণে সহ- ব্যবস্থাপনা কাঠামো নির্ধারন বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় ভোলা উপজেলার কাচিয়া ইউনিয়নের মেম্বার, জেলে ,আড়ৎদার, নৌকাবাসী জেলে, এইচসিজি, সিএসজি ও মৎস্য অবতরন কেন্দ্রের নেতাসহ ৮৫ জন উপস্থিত ছিলেন। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ভোলা কাচিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জহিরুল ইসলাম নকিব এবং সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মো: আমির হোসেন,উপস্থিত ছিলেন ইকোফিশ প্রকল্পের রিসার্স এসোসিয়েট ইফতেখারুল ইসলাম,ইকোফিশ কোস্ট ট্রাস্টে কর্মকর্তা খোকন চন্দ্র শীল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভোলা সদর উপজেলার কাচিয়া ইউনিয়নে মেম্বার মো: শাহজাহান কোরআন তেলোয়াতের মাধ্যমে কর্মশালা শুরু হয়। স্বাগত বক্তব্যে ইকোফিশ প্রকল্প কোস্ট ট্রাস্টের কর্মকর্তা খোকন চন্দ্র শীল তিনি বলেন, ভোলার জেলেরা আজ ইলিশ সংরক্ষরনের গুরত্ব অনুধাবন করতে পেরেছে তার জন্য ইকোফিশ প্রকল্পের পক্ষ থেকে তিনি শুভেচ্ছা জানান। ইকোফিশ প্রকল্পের রিসার্স এসোসিয়েট ইফতেখারুল ইসলাম বলেন. জেলেদের তহবিল গঠন করতে হবে যা জেলেদের উন্নয়নে কাজ করবে। জেলেদের নিবন্ধনের কাজ চলছে, এখন প্রকৃত জেলেকে নিবন্ধনের আওতায় আনতে হবে জেলেদের মধ্যে সচেতনাতা বৃদ্ধি করতে হবে, নদী আপনাদের, মাছ আপনাদের,অতএব নদী রক্ষা করার দায়িত্ব আপনাদের নিতে হবে। আপনারা নিজেদের ঘরবাড়ি নিজেদেরকে রক্ষা করতে হবে।

কোন এক সময় জেলেরা তাদের নদী নিজেরাই রক্ষা করবে, তারা সরকারকে জানাবে তাদের পরিকল্পনা এবং সরকারের সাথে একত্রিত হয়ে কাজ করতে পারবে । সহ: ব্যবস্থাপনার মাধ্যমে তারা নিজেরা নিজেদের অধিকার রক্ষায় কাজ করতে পারবে ।

সহ-ব্যবস্থাপনার কমিটি গঠন ও কর্ম-কৌশল বিষয়ক কর্মশালা

ভোলা জেলায় ইউনিয়ন পর্যায়ে সহ-ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে কমিটির কাজ হবে সম্ভাব্য: দ্বী-মাসিক এবং অন্যান্য ইস্যুভিত্তিক সভা পরিচালনা করা, সরকারের সহযোগিতায় ইলিশ সংরক্ষণে বাৎসরিক কর্ম পরিকল্পনা প্রনয়ণ ও বাস্তবায়ন, ইলিশগার্ড নির্বাচন ও পরিচালনা, কমিটির তহবিল সংগ্রহ ও ব্যবস্থাপনা, নৌকা -জালগণনা ও চিহ্নিত করণ এবং সাইনবোর্ড প্রদান, সরকারী আইডিকার্ড , চাল বিতরণ ও অন্যান্য কার্যত্রুমে সহযোগিতা করা. সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় করা।

এই কমটিতে সম্ভাব্য যারা থাকতে পারেনঃ

সভাপতি- ইউনিয়ন পরিষদ চেয়াম্যান, সহ -সভাপতি- এইচজিজি নেতা, সহ -সভাপতি- এইচসিজি নেত, সাধারণসম্পাদক- এইচজিজি নেতা, সহ- সাধারণসম্পাদক- এইচসিজি নেতা, কোষাধক্ষ্য- সিএসজি / এইচ সিজি নেতা, প্রচারসম্পদক- এইচ সিজি নেতা, নারীসম্পদক- সিএসজি / এল ই পি, মৎস্য জীবীকল্যানসম্পদক- অন্যান্য নেতা, ইলিশ গার্ড সম্পদক- ইলিশ গার্ড, সদস্য - ক্ষেত্রসহকারী,মৎস্য অধিদপ্তর, সদস্য - উপ-সহকারী কৃষি কর্মকর্তা, কৃষি অফিস, সদস্য -স্থানীয় নিরপেক্ষ নেতা, সদস্য -এলজিআই, সদস্য -নারী ইউপি সদস্য

সকল এইচসিজি, সিএসজি ও এইচ জিজি তে সহ-ব্যবস্থাপনা সম্পর্কে আলোচন করা। ৩টি সহ: ব্যবস্থাপনা কমিটি গঠন পরামর্শ সভা করা । ক) ইলিশা (পরে হবে) খ) কোড়ারখাল গ) হেতনারখাল ঘ) বাত্তিরখাল, ৩ টি ইউনিয়ন সহ-ব্যবস্থাপনা কমিটির সভা করা ক) ইলিশা (পরে হবে) খ) কাচিয়া গ) ধনিয়া ঘ) শিবপুর ।

পুর্নাঙ্গ কমিটিগঠন করা ও ইউনিয়নসহ-ব্যবস্থাপনা কমিটির প্রথম সভা করা ক) ইলিশা (পরে হবে) খ) কাচিয়া গ) ধনিয়া ঘ) শিবপুর ।

জেলেদের বিকল্প আয়ের উৎস্য তৈরী করতে ছাগল বিতরন ও ছাগল পালনে উদ্বুদ্ধকরণ

কমিউনিটি সঞ্চয়ী দলের ব্যবস্থাপনা কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ

ইলিশ সম্পদ সংরক্ষণে জেলেদের নিজস্ব তহবিল তৈরী করতে হবে

(ভোলা জেলা মৎস্য কর্মকর্তা মো: রেজাউল করিম)

জেলা মৎস্য অধিদপ্তরের সহযোগিতায় ইউএসএআইডি'র অর্থায়নে ওয়ার্ল্ডফিশ বাংলাদেশ এবং কোস্ট ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন ইকোফিশ[বিডি] প্রকল্পের কমিউনিটি সঞ্চয়ী দলের ব্যবস্থাপনা কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় । উক্ত প্রশিক্ষণে ইকোফিশ প্রকল্প কোস্ট ট্রাস্ট ভোলা কর্মরত ২৮ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ভোলা জেলার জেলা মৎস্য কর্মকর্তা মো:রেজাউল করিম এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চরফ্যাসন সদর উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা পলাশ হালদার। প্রশিক্ষণ সহায়ক ইকোফিশ[বিডি] প্রকল্পের রিসার্স এসোসিয়েট ইফতেখারুল ইসলাম, অংকুর মোহাম্মদ ইমতিয়াজ ও ইকোফিশ প্রকল্পের পিসি খোকন চন্দ্র শীল। প্রশিক্ষণের আলোচ্য বিষয় সমুহ ইকোফিশ প্রকল্পের পরিচিতি প্রকল্পের লক্ষ্য এবং উদ্দেশ্য, নতুন এলাকাজ নিয়ে আলোচনা করা হয়,নতুন এলাকা নির্বাচন প্রক্রিয়া, এলাকা পরিদর্শন, প্রাইমারী তথ্য সংগ্রহ , এফজিডি, প্রতিবেদন তৈরী, সামাজিক মানচিএ তৈরী মবিলিটি ম্যাপ তৈরী. যোগাযোগ নিয়ে আলোচনা করা হয়. জেন্ডার , কিভাবে জেন্ডার

বিভিন্ন সভা

বৈষম্য দুর করা যায়.জেলেদের সঞ্চয়ী মনোভাব তৈরীর করা, ঘুর্ণায়নমান তহবিল , মেচিং ফান্ড প্রদান, লোন বিতরণ প্রক্রিয়া.লোনের কিস্তি. লোন হিসাব কিভাবে পরিচালিত হবে। শুক্রবার সকাল ১০ টায় প্রশিক্ষন শেষ হয় ।

প্রধান অতিথি বলেন ইকোফিশ[বিডি] প্রকল্প ৩.৫ কোটি টাকার তহবিল গঠন করেছে যা জেলেদের উন্নয়নে কাজ করা হবে। জেলেদের নিবন্ধনের কাজ চলছে, এখন প্রকৃত জেলেকে নিবন্ধনের আওতায় আনতে হবে। তিনি আরও বলেন যে, বর্তমান সরকার ১ হাজার কোটি টাকার একটি প্রকল্প বাস্তবায়নের জন্য কাজ শুরু করেছে এবং ২ হাজার কোটি টাকার আর একটি প্রকল্প বাস্তবায়নের জন্য বিশ্ব ব্যাংক আগ্রহ প্রকাশ করেছে এ দুটি প্রকল্প জেলেদের উন্নয়নে কাজ করবে। তিনি আরো জানান যে মালয়েশিয়া থেকে রির্চাস ভেসেল বাংলাদেশে এসে পোঁচেছে যা বঙ্গাপোসাগরের মৎস্য সম্পদের জরিপ কাজে ব্যবহৃত হবে। আপনারা জেলেদের জেলেদেও কাছে সরকারের পরিকল্পনা গুলো মাসিক মিটিং আলোচনা করা জন্য অনুরোধ করেন।

দলগত শিখন ও মতবিনিময় সভা

এইচসিজির সদস্যরা তাদের সচেতনতা বৃদ্ধি ও দলের মধ্যে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি মাসে দলগত শিখন ও মতবিনিময় সভায় মিলিত হন। সভায় এইচ সি জি সদস্যরা তাদের বিভিন্ন ধরনের আলোচনা করেন তার মধ্যে নভেম্বর মাসে এইচ সি জি সভার আলোচ্য বিষয় ছিল " হিলশা ঘাট গ্রুপ (HGG) সম্পর্কে প্রাথমিক ধারণা ,ইলিশ সংরক্ষণে HGG তে HCG এর প্রতিনিধির ভুমিকা, সরকারের ইলিশ মাছ ব্যবস্থাপনা কর্ম-পরিকল্পনা ,উদ্ভুত সমস্যা চিহ্নিতকরণ এবং সমাধানের উপায় ,জাটকা সংরক্ষণে সরকারি বিধিমালা ,জাটকা সংরক্ষণে সহ-ব্যবস্থাপনা কার্যক্রম অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ, ইলিশ উৎপাদনে জলবায়ু পরিবর্তনের প্রভাব"

এইচ সি জি দলের সকল সদস্য মৎস্য আইন মেনে চলবে। দলের সকল সদস্য ইলিশ সহ নদীর অন্যান্য সম্পদের সুষ্ঠ সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিত করবে। স্থানীয় সম্পদকে কাজে লাগিয়ে মাছ ধরা ছাড়া বিকল্প আয়ের পথ খুজে বের করবে এবং তা বাস্তবায়ন করবে বলে আলোচনা করেন এবং কিছু কিছু বিষয় বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেন এ ছাড়া কাজটি কে কখন করবেন তার জন্য পরিকল্পনা তৈরী করেন।

একনজরে চলতি মাসের বাস্তবায়িত কার্যক্রমঃ-

ইং	কাজের নাম	সংখ্যা
০১	দল গত শিখন ও মত বিনিময় সভা	১২৩
০২	মৎস্য অবতরণ কেন্দ্র ভিত্তিক মতবিনিময় সভা	১১
০৩	এ আইজিএ পরিদর্শন	২০
০৪	বাড়ি পরিদর্শন	২৯০
০৫	সঞ্চয়ী দলের মাসিক মিটিং	২০
০৬	এ মাসে সঞ্চয় আদায়	৫৯৮০০
০৭	মাছঘাট কমিটির সভা	১১
১০	সহব্যবস্থা পনা কর্মশালা	৪
১১	নতুন দল গঠন মাছ ঘাট	৫
১২	এআইজিএ সাপোর্ট (ছাগল: ৬৭৫, ক্ষুদ্র ব্যবসা:৪, সেলাই মেশিন : ২টি) বিতরন ।	৬৮১জন

প্রয়োজনে যোগাযোগঃ

মোঃ জহিরুল ইসলাম, প্রকল্প সমন্বয়কারি

কোস্ট ট্রাস্ট, মোবাইল : ০১৭১৩-৩২৮৪৩১

Email : jahirul.coast@gmail.com